

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.doe.gov.bd

নং-২২.০২.০০০০.০০৭.১৮.০৪০.১৫-৫১৬

২০/০২/১৪২৩ সন
তারিখঃ -----
৩/০৫/২০১৬ খ্রিঃ

অফিস আদেশ

জনসাধারণকে সেবা প্রদান ও দেশব্যাপি পরিবেশ অধিদপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সুবিধার্থে অত্র দপ্তরের ১৫/০৩/২০১৫ তারিখের পরিবেশ/প্রশাঃ(দপ্তরাদেশ)-১৫/৭৪(৮ম)/১৩৭ সংখ্যক স্মারকের অফিস আদেশ আংশিক সংশোধনপূর্বক যে সকল জেলায় পরিবেশ অধিদপ্তরের কোন কার্যালয় নেই, সে সকল জেলাসমূহের পরিবেশগত ছাড়পত্রের আবেদন ও নবায়নের আবেদন প্রক্রিয়াকরণ, অভিযোগ তদন্ত এবং মনিটরিং ও এনফোর্সমেন্ট কার্যক্রমসহ পরিবেশ বিষয়ক সকল কাজ নিম্নবর্ণিত জেলা অফিসসমূহ হতে সম্পাদনের জন্য নির্দেশ প্রদান করা হলোঃ

ক্রঃ নং	জেলাসমূহের নাম (যেখানে পরিবেশ অধিদপ্তরের কার্যালয় নেই)	যে জেলা অফিসের আওতায় কার্যক্রম পরিচালিত হবে
১.	শেরপুর, নেত্রকোনা ও জামালপুর	ময়মনসিংহ
২.	শরীয়তপুর, গোপালগঞ্জ, মাদারীপুর ও রাজবাড়ী	ফরিদপুর
৩.	কিশোরগঞ্জ	নরসিংদী
৪.	লক্ষীপুর	নোয়াখালী
৫.	বান্দরবান জেলার নাইক্ষ্যংছড়ি, লামা ও আলীকদম উপজেলা	কক্সবাজার
৬.	বান্দরবান(নাইক্ষ্যংছড়ি, লামা ও আলীকদম উপজেলা ব্যতীত), খাগড়াছড়ি ও রাঙ্গামাটি	চট্টগ্রাম
৭.	মেহেরপুর ও চুয়াডাঙ্গা	কুষ্টিয়া
৮.	ঝিনাইদহ, মাগুরা ও নড়াইল	যশোর
৯.	চাপাইনবাবগঞ্জ ও নাটোর	রাজশাহী
১০.	দিনাজপুর, পঞ্চগড়, ঠাকুরগাঁও, নীলফামারী, লালমনিরহাট ও কুড়িগ্রাম	রংপুর

- ২। উপরিলিখিত জেলাসমূহ ছাড়া অন্যান্য জেলার কার্যক্রম যথারীতি সংশ্লিষ্ট বিভাগীয় অফিসের মাধ্যমে পরিচালিত হবে।
- ৩। অধিদপ্তরের ৩১/০১/২০১১ তারিখের পরিবেশ/আইন/বিধিমালাঃ ১৫৯/২০১০/১৭ সংখ্যক স্মারকে অর্পিত ক্ষমতা অনুযায়ী ছাড়পত্রের আবেদন প্রক্রিয়া করতে হবে এবং আওতা বহির্ভূত বিষয়াদি নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।
- ৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ রইছউল আলিম মডল)
মহাপরিচালক
ফোনঃ ৮১৮১৮০০
ই-মেইলঃ dg@doe.gov.bd

বিতরণ :

- ১। অতিরিক্ত মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাসন/পরিকল্পনা/পরিবেশগত ছাড়পত্র/বায়ুমান ব্যবস্থাপনা/জলবায়ু পরিবর্তন/এনফোর্সমেন্ট/আইন/আইটি/প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা/ঢাকা অঞ্চল/ঢাকা মহানগর/ঢাকা গবেষণাগার/চট্টগ্রাম বিভাগ/খুলনা বিভাগ/রাজশাহী বিভাগ, বগুড়া/সিলেট বিভাগ/বরিশাল বিভাগ), পরিবেশ অধিদপ্তর।
- ৩। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ/পচার/সমন্বয়/পরিবেশগত ছাড়পত্র/পানি ও জৈব/পরিকল্পনা ও উন্নয়ন/প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা/আন্তঃ-সমন্বয়/এনফোর্সমেন্ট/আইন/জলবায়ু পরিবর্তন/গবেষণা ও মনিটরিং/এনফোর্সমেন্ট/মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট)/নিবাহী ম্যাজিস্ট্রেট, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
- ৪। উপ-পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, জেলা অফিস।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
- ৬। সহকারী পরিচালক, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।